

স্বাক্ষর
১০/১১/২২



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd



স্মারক নং বশিবো/পনি/এইচএসসি/২০২২/৪৫২
সূত্র-আশিবো/প্রশা/২০১০/১২

তারিখ: ২৭ মার্চ, ১৪২৮ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

২০২১ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল আগামী ১৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখ রবিবার সকাল ১১.০০ টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ফলাফল ঘোষণার পর প্রকাশ করা হবে।

কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে এ বছর এইচএসসি পরীক্ষা ২০২১ এর ফলাফল প্রকাশিত হতে যাচ্ছে। এই মহামারীকালে সংশ্লিষ্ট সকলকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) নির্দেশনার আলোকে নিম্নোক্ত নির্দেশাবলী মেনে ফলাফল সংগ্রহ করতে হবে।

ফলাফল প্রকাশের দিন স্বাস্থ্যঝুঁকির কারণে পরীক্ষার্থীদেরকে কোন অবস্থাতেই কেন্দ্রে অথবা শিক্ষা প্রতিষ্ঠানে জমায়েত করানো/জমায়েত হতে দেওয়া যাবে না।

নিম্নবর্ণিত পদ্ধতিতে কলেজ ও পরীক্ষাকেন্দ্র তাদের ফলাফল download করতে পারবে।

* কলেজের জন্যঃ

www.barisalboard.gov.bd/collegcep এই ঠিকানায় গিয়ে login অপশনে EIDN এবং password (কলেজের password) ব্যবহার করুন। Result মেনুবারে ক্লিক করার পরে HSC- Result এ ক্লিক করুন। সংশ্লিষ্ট কলেজের ফলাফল দেখতে পাবেন।

* পরীক্ষা কেন্দ্রের জন্যঃ

প্রথমে www.barisalboard.gov.bd এই ঠিকানায় গিয়ে ডানপাশে HSC-2021 Centre Panel অপশনে login > কেন্দ্রকোড, password দিয়ে (যে password দিয়ে HSC পরীক্ষার তথ্য পাঠানো হয়েছে সে password ব্যবহার করুন) সংশ্লিষ্ট কেন্দ্রের ফলাফল দেখতে পাবেন।

* www.educationboardresults.gov.bd এর মাধ্যমে অনলাইনে রেজাল্ট দেখা যাবে।

* পরীক্ষার্থীর বিজ্ঞপ্তিত ফলাফল বরিশাল শিক্ষাবোর্ডের www.barisalboard.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

* পরীক্ষার্থীরা এসএমএস এর মাধ্যমে প্রি-রেজিস্ট্রেশন করে ফলাফল জানতে পারবে।

প্রি-রেজিস্ট্রেশন করার নিয়ম (ফল প্রকাশের পূর্বে):

যে কোনো অপারেটরের মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে-

HSC<>Board name (First 3 Letter) <>Roll<> Year টাইপ করে 16222 নম্বরে পাঠাতে হবে।

যেমনঃ বরিশাল শিক্ষাবোর্ডের জন্য- HSC<>Bar<>Roll<>2021 Send to 16222

* ফলাফল প্রকাশের সাথে সাথেই প্রি-রেজিস্ট্রেশনকৃত পরীক্ষার্থীদের মোবাইল নম্বরে তাদের ফলাফল পৌঁছে যাবে।

এ ছাড়াও বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইট হতে এবং এসএমএস এর মাধ্যমে পরীক্ষার্থীরা বেলা ১১.৩০ মিনিটে ফলাফল জানতে পারবে।

*পুনর্নির্ধারণের জন্য SMS এর মাধ্যমে ১৪/০২/২০২২ তারিখ থেকে ২০/০২/২০২২ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১০.০২.২০২২

অরুন কুমার গাইন

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোনঃ ০২৪৭৮৮-৬৪৩৭০

barisalboard@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিষ্ঠান প্রধান

বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র ও শিক্ষা প্রতিষ্ঠান